


নিউ ইয়র্ক সিটিতে COVID-19 কেসের সংখ্যা বাড়ছে



NYC তে ডেল্টা ভ্যারিয়ান্ট দ্রুত ছড়িয়ে পড়ছে। এটি মূল ভাইরাসের চেয়ে দ্বিগুণেরও বেশি সংক্রামক এবং আরো গুরুতর অসুস্থতা তৈরি করতে পারে।




একটি ভাইরাসের বিস্তার যখন অব্যাহত থাকে তখন ভ্যারিয়ান্টসমূহ দেখা যায়। বর্তমান COVID-19

টিকাগুলো ডেল্টা ভ্যারিয়ান্টের বিরুদ্ধে কার্যকর হলেও ভবিষ্যৎ ভ্যারিয়ান্টগুলোর বিরুদ্ধে এতটা কার্যকর নাও হতে পারে। এখন টিকা নিলে তা COVID-19 এবং নতুন ভ্যারিয়ান্টগুলোর আবির্ভাব কমাতে সাহায্য করবে।



আপনি যদি টিকাপ্রাপ্ত না হন, তাহলে আপনার বাড়ির বাইরে অন্যদের চারপাশে সব সময় একটি মাস্ক পরে থাকতে হবে; অন্যদের থেকে শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে; নিয়মিত পরীক্ষা করাতে হবে; এবং অসুস্থ হলে বাড়িতে থাকতে হবে। nyc.gov/vaccinefinder এ একটি টিকাদান কেন্দ্র খুঁজে নিন এবং আজই টিকা নিন!



আপনি যদি সম্পূর্ণভাবে টিকাপ্রাপ্ত হন, তাহলে জনসমক্ষে সকল অভ্যন্তরীণ স্থানে এবং আপনার চারপাশের মানুষদের টিকাগ্রহণের অবস্থা জানার উপায় নেই এমন যে কোনো জায়গায় একটি মাস্ক পরুন। সেই সাথে, গণ পরিবহন ব্যবহারের সময় সহ যে কোনো জায়গায় গেলে সেখানকার মাস্ক সংক্রান্ত নিয়মাবলী মেনে চলুন; উপসর্গ দেখা দিলে অথবা সম্প্রতি COVID-19 এ আক্রান্ত কারো সংস্পর্শে আসলে পরীক্ষা করান; এবং অসুস্থ হলে বাড়িতে থাকুন।

আরো তথ্যের জন্য, nyc.gov/covidvaccine দেখুন।

পরিস্থিতি যেমন হবে সেই অনুযায়ী NYC স্বাস্থ্য দপ্তর তার সুপারিশগুলি পরিবর্তন করতে পারে। 8.23.21

Bengali